গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২তলা সরকারী অফিস ভবন(১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নং-০৫.৮১.০০০০.০০১.০৩.০৬৯.১১(খন্ড-১) - ২২৫

তারিখ: ০৬/০৫/২০১৮ খ্রি.

বিষয় : ২০১৭-২০১৮ অর্থবছরের অনলাইনে প্রাপ্ত শিক্ষাবৃত্তি/ শিক্ষাসহায়তার আবেদনসমূহের যাচাই-বাছাই সংক্রান্ত।

সূত্র : ০৫.৮১.০০০০.০০৮.৫৩.০৭১.১৭.৮৪; তারিখ: ১৫/০১/২০১৮ খ্রি.।

২০১৭-২০১৮ অর্থবছরে শিক্ষাবৃত্তি/শিক্ষাসহায়তা অনলাইনে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই কার্যক্রম চলছে। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে কিছু সমস্যা পাওয়া গেছে যা নিম্নরূপভাবে সমাধান করা যেতে পারেঃ

১.আবেদনসমূহ বাছাই করার জন্য প্রত্যেক ইউজার তার ড্যাশবোর্ডের **"কর্মরত (১১-২০গ্রেড) এ গিয়ে ডায়েরি নম্বর সাজিয়ে দেখুন"** অপশন থেকে যেকোন ডায়েরী বা নির্দিষ্ট সংখ্যা .... হতে ....নম্বর আবেদন অনুসন্ধান করা বা বাছাই করার সুযোগ পাবেন। নির্দিষ্ট সংখ্যক আবেদন অনুসন্ধান এর ব্যবস্থা রয়েছে যেখানে আবেদনগুলো নতুন ডাইরি নম্বর অনুযায়ী ক্রমান্বয়ে আসবে।

২. ছাত্র-ছাত্রীর নম্বরপত্রের ক্ষেত্রে online copy সত্যায়িত ছাড়া দাখিল করলে সে ক্ষেত্রে আপত্তি না দিয়ে বিষয়টি বিবেচনা করার অবকাশ আছে।

৩.অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ Print Out করে যাচাই-বাছাই ও অডিটের জন্য সংরক্ষণ করা যেতে পারে।

৪. আবেদনসমূহ আগামী ২০/০৫/২০১৮ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিস যাচাই-বাছাই করে ত্রুটিপূর্ণ আবেদনের আপত্তি প্রদান করবে এবং ২৭/০৫/২০১৮ খ্রি. তারিখের মধ্যে আবেদনকারীগণ আপত্তি-নিস্পত্তির সুযোগ পাবেন। ২৭/০৫/২০১৮ খ্রি. তারিখের পর আপত্তি-নিস্পত্তি গ্রহনযোগ্য হবে না।

আবেদন গ্রহণযোগ্য হওয়ার ভিত্তি	বাতিল হওয়ার ভিত্তি
১.৩য় ও ৪র্থ শ্রেণি যে কোন গ্রেডেই হোক তার আবেদন বিবেচনা যোগ্য। ২.তথ্যের গরমিলের কারণে যদি মূল ভিত্তি অর্থাৎ ফলাফল/ মার্কশীটের ভিত্তিতে কোন ক্যাটাগরিতে তাঁর বৃত্তি/ সহায়তা প্রাপ্তি সংগত হয় তবে তথ্য ভুল প্রদানের জন্য ঐ আবেদন বাতিল না হয়ে বিবেচনাযোগ্য হবে।	১. কোন তথ্য ভুল প্রদানের কারণে যদি শিক্ষাবৃত্তি / সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচনার সুযোগ থাকে, তবে ভুল তথ্যের কারণে ঐ আবেদন বাতিল হবে ।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য শিক্ষাবৃত্তি/শিক্ষা সহায়তার আবেদন সমূহের যাচাই- বাছাই সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(সৈয়দ মাহবুব-ই-জামিল)
পরিচালক (উন্নয়ন)
ফোন (অফিস): ৮৩৯২১২১

উপপরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।